

২০২৩ – ২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি (তৃতীয় পর্যায়)

তৃতীয় পর্যায়ের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া আগামী ১৯/০৮/২০২৪ তারিখ হতে ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

- প্রাথমিক ভর্তি ও ফি প্রদান: ১৯/০৮/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২০/০৮/২০২৪ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত।
- মূল কাগজপত্র জমা: তৃতীয় পর্যায়ে নির্বাচিত প্রার্থীদের এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র জমা দেওয়ার বিষয়টি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে।
- ইতোপূর্বে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করে থাকলে GST-এর অন্য কোন বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন হলেও শিক্ষার্থীর করণীয় কিছু নাই। মূল কাগজপত্র প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়েই জমা থাকবে।
- চূড়ান্ত ভর্তি: চূড়ান্ত ভর্তির বিষয়টি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় (সর্বশেষ যে বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত হয়েছে) কর্তৃক পরবর্তীতে অবহিত করা হবে।

*** সকল প্রকার "Migration Stop" ২০/০৮/২০২৪ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।**

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরাকালীন নিম্নলিখিত বিষয়সমূহ সতর্কতার সাথে লক্ষ্যণীয়ঃ

- * পছন্দক্রমে অন্তর্ভুক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST-গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। এমনকি কোটায় ভর্তির জন্যও বিবেচিত হবে না।

- * প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ টাকা অনলাইনে পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দিতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।
- * কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।
- * আবেদনকারীর মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট বিভাগসমূহে (পছন্দক্রমে অন্তর্ভুক্ত) মাইগ্রেশন প্রক্রিয়া স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পন্ন হবে।
- * **Stop All Migration** সম্পন্ন করলে বর্তমানে ভর্তিকৃত বিভাগ ব্যতীত পছন্দক্রমে অন্তর্ভুক্ত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বিভাগে ভর্তির সুযোগ থাকবে না। এছাড়া **Stop University Migration** সম্পন্ন করলে বর্তমানে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অপেক্ষাকৃত অধিকতর পছন্দের বিভাগে মাইগ্রেশনের সুযোগ থাকবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System (https://gstadmission.ac.bd/assets/pdf/GST_2023-24_Admission_System.pdf) ও Online Admission Guideline (https://gstadmission.ac.bd/assets/pdf/GST_Admission_Guideline_2023_24.pdf)-এ যথাসময়ে পাওয়া যাবে।

বিশেষায়িত বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষার সময়সূচি :

[Download \(https://gstadmission.ac.bd/assets/pdf/Special_Subjects_Practical_Exam_Schedule.pdf\)](https://gstadmission.ac.bd/assets/pdf/Special_Subjects_Practical_Exam_Schedule.pdf)

[➔ Student Login \(https://gstadmission.ac.bd/login-with-id\)](https://gstadmission.ac.bd/login-with-id)